

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْأَرْضُ كُلُهَا مَسْجِدٌ إِلَّا الْمَقْبَرَةَ وَالْحَمَّامَ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ والدارمي

#### বাংলা

৭৩৭-[৪৯] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কবরস্থান ও গোসলখানা ছাড়া দুনিয়ার আর সব জায়গায়ই মাসজিদ। কাজেই সব জায়গায়ই সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা যায়। (আবৃ দাউদ, তিরমিয়ী ও দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৯২, তিরমিয়ী ৩১৭, আহকামুল জানায়িয় ৮৭ পৃঃ, দারিমী ১৪৩০। ইমাম তিরমিয়ীর হাদীসটিকে মুরসাল বলা প্রত্যাখ্যাত।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: ভূ-পৃষ্ঠ সম্পূর্ণটাই মাসজিদ (সিজদা্ দেয়ার বৈধ স্থান)। এটা এ উম্মাতের বিশেষ বৈশিষ্ট্য। এ উম্মাতের জন্য হাদীসে বর্ণিত দু'টি স্থান ব্যতীত পৃথিবীর সকল স্থানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় বৈধ। এ দু'টি হচ্ছে কবরস্থান এবং গোসলখানা। কবরস্থানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় অবৈধ করে কবর ও মাযারপূজার প্রবণতা প্রতিরোধ করা হয়েছে।

এমনিভাবে গোসলখানায়ও সালাত বৈধ হবে না। হোক সে স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন কিংবা নোংরা-অপরিচ্ছন্ন। কারণ হচ্ছে গোসলখানা খবীস শায়ত্বনের (শয়তানের) স্থান। সেখানে ওয়াস্ওয়াসার পরিবেশ বিদ্যমান থাকে। তাছাড়া অন্তরের খুশু'-খুযূ আসে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন